# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯৮

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২৬. এক ক্রয়-বিক্রয়ে দু'টি শর্ত করার নিষেধাজ্ঞা

باب فِي النَّهْيِ عَنْ شَرْطَيْنِ فِي بَيْعٍ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ عَنْ حُسَيْنٍ الْمُعَلِّمِ عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ سَلَفٍ وَبَيْعٍ وَعَنْ شَرْطَيْنِ فِي بَيْعٍ وَعَنْ رِبْحِ مَا لَمْ يُضْمَنْ

বাংলা

২৫৯৮. আবদুল্লাহ্ইবন আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই সঙ্গে ঋণ ও বিক্রি থেকে, এক বিক্রিতে দুই ধরণের শর্ত করা থেকে এবং যিমান' বা লোকসানের দায়িত্ব না নেওয়া পর্যন্ত মুনাফা গ্রহণ করা থেকে নিষেধ করেছেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মাওয়ারিদুয যাম্'আন নং ১১০৮ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৩২১ তে। ((আহমাদ ২/১৭৪-১৭৫, ১৭৮-১৭৯, ২০৫; আবূ দাউদ, বুয়ূ ৩৫০৪; তিরমিযী, বুয়ূ ১২৩৪; নাসাঈ, বুয়ূ নং ৪৬১১, ৪৬১২; ইবনু মাজাহ, তিজারাত ২১৮৮..।- ফাতহুল মান্নান, হা/২৭২২ এর টীকা হতে।-অনুবাদক))

সংযোজনী: এছাড়াও, তাহাবী, শারহু মা'আনিল আছার ৪/৪৬; ইবনু আদী, আল কামিল ৫/১৭৩৬; দারুকুতনী ৩/৭৫। আরও দেখুন, নাসবুর রায়াহ ৪/১৮, ৪৫; তালখীসুল হাবীর ৩/১২।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82883

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন